দৈনিক জনকণ্ঠ

তারিখ 03 SEP 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

৬৪

# তিন বোর্ডের মেধা তালিকায় ক্যাডেট কলেজের প্রাধান্য অস্তাচলে মেয়েরা উঠে আসছে

শরিফুজ্জামান পিন্টু

চলতি বছর এসএসসি পরীক্ষার ফলে দেশের ক্যাডেট কলেজসমূহ একচেটিয়া প্রাধান্য ধরে রাখতে পারেনি। কুমিল্লা, রাজশাহী ও যশোর বোর্ডে বিজ্ঞান ও সমাজ বিজ্ঞান বিভাগের মেধা তালিকাভুক্ত ৩১৭ জনের মধ্যে ক্যাতডেট কলেজসমূহের ছাত্র সংখ্যা মাত্র ৩৯ জন।

কুমিল্লা বোর্ডের ফৌজদারহাট ক্যাডেট কলেজের কোন ছাত্রই এবার মেধা তালিকায় আসতে পারেনি। অন্যদিকে এই বোর্ডের চট্টগ্রাম কলেজিয়েট স্কুল এ বছর হারানো গৌরব পুনরুদ্ধারে সক্ষম হয়েছে। বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় ৫৪ জনের মধ্যে কলেজিয়েট স্কুলের ছাত্ররা অর্জন করেছে ১২টি স্থান। তাছাড়া বিজ্ঞানে প্রথম থেকে চতুর্থ স্থানও এই স্কুলের ছাত্ররা দখল করেছে। উল্লেখ্য, এক সময় কলেজিয়েট স্কুলই ছিল রেজাল্টের দিক থেকে কুমিল্লা বোর্ডের মধ্যে সেরা। কিন্তু বিগত কয়েক বছর

(শেষ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

## তিন বোর্ডের

(প্রথম পাতার পর)

ফৌজদারহাট ক্যাডেট কলেজ ও কুমিল্লা ক্যাডেট কলেজের প্রাধান্য বাড়তে থাকে। এ বছর হঠাৎ করে কলেজিয়েট স্কুল আবারও ঐতিহ্য ফিরে পেয়েছে। বিজ্ঞান ও সমাজ বিজ্ঞানের মেধা তালিকায় ফৌজদারহাট ক্যাডেট কলেজের নামই উঠেনি। একমাত্র কুমিল্লা ক্যাডেট কলেজের নাম উঠেছে বিজ্ঞান বিভাগের ১৮তম মেধা তালিকায়। অবশ্য এ বোর্ডের সমাজবিজ্ঞান বিভাগের মেধা তালিকায় ক্যাডেট কলেজসমূহ বা কলেজিয়েট স্কুল কোন প্রভাব ফেলতে পারেনি।

কুমিল্লা বোর্ডের মত অন্যান্য বোর্ডেও ক্যাডেট কলেজের প্রাধান্য হ্রাস পেয়েছে। যশোর বোর্ডে বিজ্ঞান বিভাগে বরিশাল ক্যাডেট কলেজ একমাত্র দ্বিতীয় স্থান অধিকার করেছে। তাছাড়া কোন বোর্ডে বা কোন বিভাগেই ক্যাডেট কলেজ প্রথম, দ্বিতীয় বা তৃতীয় স্থান অধিকার করতে পারেনি।

যশোর বোর্ডে খুলনা জেলা স্কুল এ বছর বিজ্ঞানের মেধা তালিকায় প্রথম ও দ্বিতীয়সহ আটটি স্থান দখল করেছে। তবে ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্ররা শেষ দিকের ৯টি মেধা তালিকা অর্জনে সক্ষম হয়।

রাজশাহী বোর্ডে সাধারণ বিজ্ঞানে মেধা তালিকায় দিনাজপুর জেলা স্কুল প্রথম, দ্বিতীয় ও তৃতীয়সহ আটটি স্থান অধিকার করেছে। তবে পাবনা ক্যাডেট ও রাজশাহী ক্যাডেট উল্লেখযোগ্য স্থান দখল করলেও তা ছিল মেধা তালিকার শেষের দিকে।

তিনটি বোর্ডে এসএসসির মেধা তালিকায় মেয়েদের সাফল্য লক্ষণীয়। মোট তিন বোর্ডের ৬টি মেধা তালিকায় ৩১৭ জন ছাত্র-ছাত্রীর মধ্যে মেয়েদের সংখ্যা ১০০ জন। বিশেষ করে কুমিল্লা বোর্ডে সমাজবিজ্ঞান বিভাগে মেয়েদের সাফল্য ছেলেদের তুলনায় বেশি। এই বিভাগে মেধা তালিকায় ৪৬ জনের ২৯ জনই মেয়ে। তাছাড়া মেয়েরাই শীর্ষ তিনটি স্থান দখল করেছে। তবে যশোর বোর্ডের মেয়েরা ছেলেদের তুলনায় অনেক পিছিয়ে গেছে। এই বোর্ডে বিজ্ঞান ও সমাজ বিজ্ঞানের মেধা তালিকায় ৯৭ জনের মধ্যে মেয়েদের সংখ্যা মাত্র ১৫ জন।

রাজশাহী বোর্ডে সমাজ বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় ৪২ জনের মধ্যে মেয়েরা ২০টি স্থান অধিকার করেছে। একই বোর্ডে বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় ৭৯ জনের মধ্যে মেয়েদের সংখ্যা ৩৯ জন।